



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০৩.২০.২০৯

তারিখ: ৯ আশ্বিন ১৪২৭

২৪ সেপ্টেম্বর ২০২০

বিষয়: সম্ভাব্য দ্বিতীয় দফা বন্যা মোকাবেলায় প্রস্তুতি গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০২৮.১৮.২৮৬ তারিখ:
১৭ সেপ্টেম্বর, ২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি বছরে বন্যার পানি বেশ দীর্ঘ সময় আবদ্ধ থাকার পর এখন কমতে শুরু করেছে। কিন্তু আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী পুনরায় ভারী বৃষ্টিপাতের আশঙ্কা করা হয়েছে। ফলে আরেকটি দীর্ঘ বন্যার সম্ভাবনা সৃষ্টি হয়েছে।

এমতাবস্থায়, সম্ভাব্য দ্বিতীয় দফা বন্যার মোকাবেলা ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নরূপ ব্যবস্থা ও প্রস্তুতি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো:

১) সম্ভাব্য বন্যার শুরুতেই দুর্গত এলাকার সকল শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) সংশ্লিষ্ট এলাকার ক্ষতিগ্রস্ত জনসাধারণের অস্থায়ী আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহারের জন্য জরুরিভিত্তিতে খুলে দিতে হবে। আঞ্চলিক পরিচালকগণ তাঁদের অধীক্ষত্রের অস্থায়ী আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহৃত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারগণের মাধ্যমে সংগ্রহ করে নিম্নের ই-মেইলে প্রেরণ করবেন;

২। সম্ভাব্য বন্যা দুর্গত এলাকায় অবস্থিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল পর্যায়ের দপ্তর ও সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ স্থানীয় প্রশাসন/দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে সম্পৃক্ত থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন; এবং

৩। সম্ভাব্য বন্যার কারণে যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয় তাহলে বন্যা পরিস্থিতির উন্নতি হলে দ্রুত সময়ের মধ্যে সংযুক্ত নমুনা ছক মোতাবেক তথ্য সংগ্রহ করে সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকগণ সফট কপি (Nikosh Font-এ MS Excel-মুডে) dsheflood2019@gmail.com ই-মেইল যোগে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন।

সংযুক্তি: নমুনা ছক ০১ (এক) পাতা।

২৪-৯-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

বিতরণ :

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ২) অধ্যক্ষ, সকল কলেজ

- ৩) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
৪) জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা
৫) প্রধান শিক্ষক, সকল বিদ্যালয়
৬) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা/থানা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০৩.২০.২০৯/১(১৪৯)

তারিখ: ৯ আশ্বিন ১৪২৭
২৪ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৩) উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
- ৪) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা। (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬) সহকারী পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
- ৭) প্রশাসনিক কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
- ৮) হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
- ৯) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ১০) সংরক্ষণ নথি।

২৪-৯-২০২০

মোঃ রঞ্জুল মমিন
উপপরিচালক

নমুনা ছক

ক্রমিক নং	অঞ্চল	জেলা	উপজেলা	প্রতিষ্ঠানের ধরন	প্রতিষ্ঠানের নাম	ক্ষয়ক্ষতির বিবরণ	আনুমানিক ক্ষতির পরিমাণ (টাকায়)

Nikosh Font-এ MS Excel ফরমেটে প্রেরণ করতে হবে।

প্রতিষ্ঠানের ধরন বলতে নিম্নমাধ্যমিক/মাধ্যমিক/স্কুল এন্ড কলেজ/কলেজ বুঝাবে।

টাকার অংকে কোন চিহ্ন ব্যবহার করা যাবে না। উদাহরণ: ১০০,০০০/- (ভুল), ১,০০,০০০.০০ (ভুল), =১০০,০০০.০০ (ভুল)

১০০,০০০.০০ (সঠিক)।